

লেটিশিয়া জেমস (Letitia James)

পাবলিক এডভোকেট (ডি)



যে রাজনৈতিক দলভুক্ত: ডেমোক্রাটিক

বর্তমান পেশা: নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বর

পূর্ববর্তী পেশা: লিগ্যাল এইড সোসাইটিতে সরকারী প্রতিরক্ষাকারী; সহকারী NYS অ্যাটর্নি জেনারেল; NYS অ্যাসেম্বলিতে চিফ অফ স্টাফ

শিক্ষাগত যোগ্যতা: নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল; CUNY লেম্যান কলেজ; হাওয়ার্ড ইউনিভার্সিটি ল'স্কুল

সাংগঠনিক সম্পৃক্ততা: আরবান নেটওয়ার্ক-এর প্রতিষ্ঠাতা যারা সংখ্যালঘু পেশাদার সংস্থার একটি সহযোগী সংস্থা হিসাবে অর্থ সংগ্রহ করে শহরের মধ্যস্থ যুব সম্প্রদায়ের জন্য কলেজ স্কলারশিপ প্রদান করে।

সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা: নিউইয়র্কসিটি কাউন্সিল মেম্বর, ৩৫তম ডিস্ট্রিক্ট

১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?

আমাদের প্রতিটি শিশুর জন্য ভালো শিক্ষা ব্যবস্থার লক্ষ্যে সংগ্রাম করাই হবে আমার মূল লক্ষ্য। সরকারী প্রবক্তার কার্যালয়ের মাধ্যমে আমি দাবী জানাব, যাতে সিটির শিক্ষার গুণগত মানের উন্নতি ঘটানো যায় এবং আমি সকল পরিবার ও কমিউনিটিকে এই আন্দোলনে অন্তর্ভুক্ত করে আমাদের প্রতিটি শিশুকে শুধুমাত্র পরীক্ষা দেবার জন্যই শিক্ষা না দিয়ে, কলেজ ও বর্তমান বিশ্বের উপযোগী শিক্ষা পায় তা আমি সকল পরিবার ও কমিউনিটিকে আন্দোলনে অন্তর্ভুক্ত করে নিশ্চিত করবো।

২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?

আমি জনগণের জন্য ন্যায্য বেতন ও সুযোগ সুবিধা সম্বলিত ভাল কর্মসংস্থান, সাশ্রয়ী মূল্যে আবাসন, ভোক্তার নিরাপত্তা, স্বাস্থ্য সেবা এবং জনগণের নিরাপত্তার জন্য সংগ্রাম করব।

৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?

আমি সারা কর্ম জীবন প্রগতিশীল কাজের জন্য সোচ্চার ছিলাম। একজন সরকারী প্রবক্তা হিসাবে, আমি সকল নিউইয়র্কবাসীদের জন্য ভালো স্কুল, ন্যায্য বেতনের চাকরী, সাশ্রয়ী আবাসন এবং সিটির শ্রমজীবী এবং মধ্যবিত্ত শ্রেণীর স্বার্থ সুরক্ষিত করার লক্ষ্যে অর্থনৈতিক ও সামাজিক ন্যায্যবিচারের লড়াই চালিয়ে যাব। প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।

ড্যানিয়েল স্কায়াড্রন (Daniel Squadron)

পাবলিক অ্যাডভোকেট (ডি)



যে রাজনৈতিক দলভুক্ত: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: স্টেট সেনেটর

পূর্ববর্তী পেশা: নীচে দেখুন

শিক্ষাগত যোগ্যতা: ইয়েল ইউনিভার্সিটি

সাংগঠনিক সম্পৃক্ততা: প্রযোজ্য নয়

সরকারী পদে কাজ করার পূর্ববর্তী অভিজ্ঞতা: ২০০৮ সালে নির্বাচিত হওয়ার আগে আমি মার্কিন সেনেটর চাক শুমার-এর প্রধান এইড হিসাবে কাজ করেছি এবং তাঁর বইয়ের সহ-লেখক ছিলাম। আমি আমাদের ট্রানজিট ব্যবস্থায় ৩ বিলিয়ন ডলার আনতে পেরেছি এবং আমলাদের থেকে আমাদের সরকারী স্কুলে অর্থ আনতে সক্ষম হয়েছি।

১। আপনি যদি নির্বাচিত হন, তবে সিটির কোন গুরুত্বপূর্ণ ইস্যু আপনি প্রাধান্য দিবেন?

আমি লড়াই করব যাতে আমাদের সিটিটি আরও বাসযোগ্য হয় ও সাধার মध्ये থাকে। যাতে আরও বেশি সংখ্যক মানুষ এখানে থাকতে পারেন, বিশেষ করে অসহায় মানুষরা।

২। যদি আপনি নির্বাচিত হন, তবে অন্য কোন কোন সমস্যাগুলি আপনি সমাধান করতে চাইবেন?

সদ্য পিতা হওয়ার সুবাদে আমি জানি প্রতিটি শিশুর উজ্জ্বল ভবিষ্যতের অধিকার আছে। আমি সরকারী স্কুলে আরও বেশি অর্থ বরাদ্দ ও জবাবদিহিতার জন্য সংগ্রাম করে যাব এবং অভিভাবকদের মতামত প্রদানে নিশ্চিত করব, সিটি ফস্টার কেয়ারে কাছে থাকার সময়ে শিশুদের নিরাপত্তা দেয় এবং কোনো শিশুই যেন খালি পেটে ঘুমাতে না যায়। আমি একটি আইন করেছিলাম যেখানে সশস্ত্র বাহিনীর মতো অস্ত্র যেমন নিউটাউনে ব্যবহৃত হয়েছিল সেগুলো প্রয়োগ নিষিদ্ধ হয়েছিল। আমার ১০০% ভাগ অস্ত্র নিয়ন্ত্রণের রেকর্ড আছে এবং NRA-এর বিরোধীতা করারও। আমি চেষ্টা করব যাতে বেআইনী অস্ত্র আমাদের জনপথ থেকে দূরে রাখতে এবং নিউ ইয়র্ককে নিরাপদ করব। যখন ঘূর্ণিঝড় স্যান্ডি আঘাত হেনেছিল, তখন আমি গ্রাম শিবির খুলেছিলাম এবং আটকে পড়া বৃদ্ধ ও অন্যদের খাবার বিতরণ করেছিলাম। আমি সর্বস্বান্ত বাড়ির মালিকদের ট্যাক্স ছাড়ের প্রস্তাব করেছিলাম। পাবলিক অ্যাডভোকেট হিসাবে আমি নিশ্চিত করব যে আমরা যেন নিরাপদে থাকি এ পরবর্তী দুর্যোগের সময় প্রস্তুত থাকি।

৩। এই পদের জন্য কি কারণে আপনি যোগ্যতম প্রার্থী বলে নিজেকে মনে করেন?

আমার পূর্ববর্তী রেকর্ড আছে যে আমি নিউ ইয়র্ক বাসীদের জন্য প্রতিদিন কাজ করছি - দুর্নীতির বিরুদ্ধে লড়েছি, নতুন যুগান্তরী অস্ত্র আইন করেছি, সাধার মध्ये আবাসন, পার্ক ও যানবাহনের পরামর্শ দিয়েছি। আমি পাবলিক অ্যাডভোকেটের অফিসকে আরও কার্যকরী করব শিশু, বৃদ্ধ ও সাধারণ পরিবারের জন্য যাতে তাদের আওয়াজ ও শোনা যায়। আমাকে সমর্থন করছেন চার শুমার, প্রাক্তন অ্যাডভোকেটরা ও শহরের নেতারা। প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেন ফাইন্যান্স প্রোগ্রামে অংশগ্রহণ করছেন।